



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ২০.০৫.২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে রিজলিট মেরা তালিকার ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলাম শিক্ষা, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত বিষয়ে আগামী ২০.০৫.২০২৬ খ্রি. তারিখ হতে ১০.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত সকাল ১০.৩০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তির কার্যক্রম চলবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তফসীল নিম্নে প্রদত্ত হলো :

১। ভর্তির যোগ্যতা:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রিজলিট মেরা তালিকা অনুযায়ী সিলেট মুরারিচাঁদ কলেজে বিভিন্ন বিষয়ে মনোনয়নপ্রাপ্ত আবেদনকারীরা প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে।

২। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ:

ধাপ-১: ভর্তির জন্য মনোনীত আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nu.ac.bd/admissions) থেকে ফরম ডাউনলোড করে (০২ সেট ফটোকপিসহ) স্বাক্ষর করতে হবে।

ধাপ-২: ভর্তি ফিস:

- ❖ এম.এ/এম.এস.এস কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৬,০৩০/-। অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৬০৩৫/-।
এম.এস-সি কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৬,২৮০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৬,২৮৫/-
“ই-শিক্ষার” মাধ্যমে আগামী ০২.০৬.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.৩০ টা থেকে ১০.০৬.২০২৬ খ্রি. তারিখের মধ্যে টাকা জমা দিয়ে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে ফরমের সাথে যুক্ত করতে হবে।
কলেজের ভর্তির ওয়েবসাইট <http://mccollege.eshiksaems.com> **ওয়েব এড্রেসে প্রবেশ করে** প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি সোনালী-ইসেবা, বিকাশ, রকেট-১৮৯২ এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট <http://mccollege.eshiksaems.com> এ গিয়ে নিম্নোক্ত **User Name ও Password** দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: mcstudent, Password: mcstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Masters Department** এবং **Enter Admission Roll (7 Digit জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে Admission Roll আছে)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে **Save** বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।

➤ **ভর্তি ফি প্রদান করে Application Form Reprint অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি নিজবিভাগে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে।**

৩। প্রয়োজনীয় কাগজপত্র (বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে ০১ সেট এবং ফটোকপি ০১ সেট সংযুক্ত করতে হবে):

ক) ডিগ্রী(পাস)/ স্নাতক পাশের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি ;

খ) দ্বৈত ভর্তি নেই এই মর্মে প্রার্থীর অঙ্গিকারনামার ফটোকপি;

গ) বিশ্ববিদ্যালয়ের ফরমের মূল কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি এবং অন্যান্য সেটে ০১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে;

ঘ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) পাঠবিরতি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস), স্নাতক (সম্মান) পরীক্ষা রোল, প্রাপ্ত নম্বর /জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।

৫। বিভাগসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এক্সেলে/ওয়ার্ডে পূরণ পূর্বক ই-মেইলে

(admission.mccollege1892@gmail.com) প্রেরণ করতে হবে এবং আগামী ১২.০৬.২০২৬ খ্রি. তারিখ ১.৩০ ঘটিকার মধ্যে চূড়ান্ত ভর্তির তালিকার হার্ড কপি অফিসের কম্পিউটার শাখায় এবং সফট কপি উক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে। বিষয়টি অতীব জরুরী।

৬। বিষয় পরিবর্তন: রিলিজ স্মিল্পে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ নাই।

❖ রিলিজ স্মিল্প মেধা ফলাফল প্রত্যেক বিভাগে ই-মেইলে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় প্রধানগণ প্রদত্ত ফলাফল ই-মেইল থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর

১২/০৫/২০২৬

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

১২/০৫/২০২৬

আহবায়ক

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি
মুরারিচাঁদ কলেজ, সিলেট